গীতাঞ্জলি

রবীন্দ্রনাথ ঠাকুর

বাংলাপ্রকাশ
BANGLAPRAKASH

সূ চি পা তা

১. আমার মাথা নত করে দাও হে তোমার ১৯
২. আমি বহু বাসনায় প্রাণপণে চাই ২০
৩. কত অজানারে জানাইলে তুমি ২০
৪. বিপদে মোরে রক্ষা করো ২১
৫. অন্তর মম বিকশিত করো ২২
৬. প্রেমে প্রাণে গানে গন্ধে আলোকে পুলকে ২৩
৭. তুমি নব নব রূপে এসো প্রাণে ২৩
৮. আজ ধানের ক্ষেতে রৌদ্র ছায়ায় ২৪
৯. আনন্দেরই সাগর থেকে ২৫
১০. তোমার সোনার থালায় সাজাব আজ ২৫
১১. আমরা বেঁধেছি কাশের গুচ্ছ ২৬
১২. লেগেছে অমল ধবল পালে ২৭
১৩. আমার নয়ন ভুলানো এলে ২৮
১৪. জননী, তোমার করুণ চরণখানি ২৯
১৫. জগৎ জুড়ে উদার সুরে ২৯
১৬. মেঘের পরে মেঘ জমেছে ৩০
১৭. কোথায় আলো কোথায় ওরে আলো ৩১
১৮. আজি শ্রাবণঘন-গহন মোহে ৩২
১৯. আষাঢ় সন্ধ্যা ঘনিয়ে এলো ৩৩
২০. আজি ঝড়ের রাতে তোমার অভিসার ৩৩
২১. জানি জানি কোন আদি কাল হতে ৩৪
২২. তুমি কেমন করে গান করো হে গুণী ৩৫
২৩. অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে ৩৫
২৪. যদি তোমার দেখা না পাই প্রভু ৩৬
২৫. হেরি অহরহ তোমারি বিরহ ৩৭
২৬. আর নাইরে বেলা নামল ছায়া ৩৮
২৭. আজ বারি ঝরে ঝরঝর ৩৯

২৮. প্রভু তোমা লাগি আঁখি জাগে ৩৯
২৯. ধনে জনে আছি জড়ায়ে হায় ৪০
৩০. এই যে তোমার প্রেম, ওগো ৪১
৩১. আমি হেথায় থাকি শুধু ৪২
৩২. দাও হে আমার ভয় ভেঙে দাও ৪২
৩৩. আবার এরা ঘিরেছে মোর মন ৪৩
৩৪. আমার মিলন লাগি তুমি ৪৩
৩৫. এসো হে এসো সজল ঘন ৪৪
৩৬. পারবি না কি যোগ দিতে এই ছন্দে দরে ৪৫
৩৭. নিশার স্বপন ছুটল রে ৪৬
৩৮. শরতে আজ কোন অতিথি ৪৬
৩৯. হেথা যে গান গাইতে আসা আমার ৪৭
৪০. যা হারিয়ে যায় তা আগলে বসে ৪৮
৪১. এই মলিন বস্ত্র ছাড়তে হবে ৪৯
৪২. গায়ে আমার পুলক লাগে ৪৯
৪৩. প্রভু আজি তোমার দক্ষিণ হাত ৫০
৪৪. জগতে আনন্দযজ্ঞে আমার নিমন্ত্রণ ৫১
৪৫. আলোয় আলোকময় করে হে ৫১
৪৬. আসন তলের মাটির পরে লুটিয়ে রব ৫২
৪৭. রূপসাগরে ডুব দিয়েছি ৫২
৪৮. আকাশ তলে উঠ্‌ল ফুটে ৫৩
৪৯. হেথায় তিনি কোল পেতেছেন ৫৫
৫০. নিভৃত প্রাণের দেবতা ৫৬
৫১. কোন আলোতে প্রাণের প্রদীপ ৫৭
৫২. তুমি আমার আপন, তুমি আছ আমার কাছে ৫৮
৫৩. নামাও নামাও আমায় তোমার ৫৮
৫৪. আজি গন্ধবিধুর সমীরণে ৫৯
৫৫. আজি বসন্ত জাগ্রত দ্বারে ৬০
৫৬. তব সিংহাসনের আসন হতে ৬১
৫৭. তুমি এবার আমায় লহ হে নাথ ৬১
৫৮. জীবন যখন শুকায়ে যায় ৬২
৫৯. এবার নীরব করে দাও হে তোমার ৬৩
৬০. বিশ্ব যখন নিদ্রামগন ৬৪

৬১. সে যে পাশে এসে বসেছিল ৬৪
৬২. তোরা শুনিস্‌নি কি শুনিসনি কি তার পায়ের ধ্বনি ৬৫
৬৩. মেনেছি হার মেনেছি ৬৬
৬৪. একটি একটি করে তোমার ৬৬
৬৫. কবে আমি বাহির হলেম তোমারই গান গেয়ে ৬৭
৬৬. তোমার প্রেম যে বইতে পারি ৬৮
৬৭. সুন্দর, তুমি এসেছিলে আজ প্রাতে ৬৯
৬৮. আমার খেলা যখন ছিল তোমার সনে ৭০
৬৯. ঐ রে তরী দিল খুলে ৭০
৭০. চিত্ত আমার হারাল আজ ৭১
৭১. ওগো মৌন, না যদি কও ৭২
৭২. যতবার আলো জ্বালাতে চাই ৭২
৭৩. সবা হতে রাখবো তোমায় ৭৩
৭৪. বজ্রে তোমার বাজে বাঁশি ৭৪
৭৫. দয়া দিয়ে হবে গো মোর ৭৪
৭৬. সভা যখন ভাঙবে তখন ৭৫
৭৭. চির জনমের বেদনা ৭৬
৭৮. তুমি যখন গান গাহিতে বল ৭৬
৭৯. ধায় যেন মোর সকল ভালোবাসা ৭৭
৮০. তারা দিনের বেলা এসেছিল ৭৮
৮১. তারা তোমার নামে বাটের মাঝে ৭৮
৮২. এই জ্যোৎস্না রাতে জাগে আমার প্রাণ ৭৯
৮৩. কথা ছিল এক তরীতে কেবল তুমি আমি ৮০
৮৪. আমার একলা ঘরের আড়াল ভেঙে ৮০
৮৫. একা আমি ফিরব না আর ৮১
৮৬. আমারে যদি জাগালে আজি নাথ ৮২
৮৭. ছিন্ন করে লও হে মোরে ৮২
৮৮. চাইগো আমি তোমারে চাই ৮৩
৮৯. আমার এ প্রেম নয়ত ভীরু ৮৪
৯০. আরো আঘাত সইবে আমার ৮৫
৯১. এই করেছ ভালো নিঠুর ৮৫
৯২. দেবতা জেনে দূরে রই দাঁড়ায়ে ৮৬
৯৩. তুমি যে কাজ করছ, আমায় ৮৭

৯৪. বিশ্বসাথে যোগে যেথায় বিহারো ৮৭
৯৫. ডাক ডাক ডাক আমারে ৮৮
৯৬. যেথায় তোমার লুট হতেছে ভুবনে ৮৮
৯৭. ফুলের মতন আপনি ফুটাও গান ৮৯
৯৮. মুখ ফিরায়ে রব তোমার পানে ৯০
৯৯. আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে ৯০
১০০. আজ বরষার রূপ হেরি মানবের মাঝে ৯১
১০১. হে মোর দেবতা, ভরিয়া এ দেহ প্রাণ ৯২
১০২. এই মোর সাধ যেন এ জীবন মাঝে ৯২
১০৩. একলা আমি বাহির হলেম ৯৩
১০৪. আমি চেয়ে আছি তোমাদের সবা-পানে ৯৪
১০৫. আর আমায় আমি নিজের শিরে ৯৪
১০৬. হে মোর চিত্ত, পুণ্য তীর্থে ৯৫
১০৭. যেথায় থাকে সবার অধম দীনের হতে দীন ৯৮
১০৮. হে মোর দুর্ভাগা দেশ ৯৯
১০৯. ছাড়িসনে ধরে থাক এঁটে আছে ১০০
১১০. আছে আমার হৃদয় আছে ১০১
১১১. গর্ব করে নিই নে ও নাম, জান অন্তর্যামী ১০১
১১২. কে বলে সব ফেলে যাবি ১০২
১১৩. নদী পারের এই আষাঢ়ের ১০৩
১১৪. মরণ যেদিন দিনের শেষে আস্‌বে তোমার দুয়ারে ১০৩
১১৫. দয়া করে ইচ্ছা করে আপনি ছোটো হয়ে ১০৪
১১৬. ওগো আমার এই জীবনের শেষ পরিপূর্ণতা ১০৫
১১৭. যাত্রী আমি ওরে ১০৬
১১৮. উড়িয়ে ধ্বজা অভ্রভেদী রথে ১০৭
১১৯. ভজন পূজন সাধন আরাধনা ১০৮
১২০. সীমার মাঝে, অসীম, তুমি ১০৯
১২১. তাই তোমার আনন্দ আমার পর ১০৯
১২২. মানের আসন, আরাম শয়ন ১১০
১২৩. প্রভু গৃহ হতে আসিলে যেদিন ১১১
১২৪. ভেবেছিনু মনে যা হবার তারি শেষে ১১১
১২৫. আমার এ গান ছেড়েছে তার ১১২
১২৬. নিন্দা দুঃখে অপমানে ১১৩

১২৭. রাজার মতো বেশে তুমি সাজাও যে শিশুরে ১১৩
১২৮. জড়িয়ে গেছে সরু মোটা ১১৪
১২৯. গাবার মত হয়নি কোনো গান ১১৫
১৩০. আমার মাঝে তোমার লীলা হবে ১১৫
১৩১. দুঃস্বপন কোথা হতে এসে ১১৬
১৩২. গান দিয়ে যে তোমায় খুঁজি ১১৭
১৩৩. তোমায় খোঁজা শেষ হবে না মোর ১১৭
১৩৪. যেন শেষ গানে মোর সব রাগিণী পূরে ১১৮
১৩৫. যখন আমায় বাঁধ আগে পিছে ১১৯
১৩৬. যত কাল তুই শিশুর মতো ১১৯
১৩৭. আমার চিত্ত তোমার নিত্য হবে ১২০
১৩৮. তোমায় আমার প্রভু করে রাখি ১২১
১৩৯. যা দিয়েছ আমায় এ প্রাণ ভরি ১২১
১৪০. ওরে মাঝি ওরে আমার ১২২
১৪১. মনকে, আমার কায়াকে ১২৩
১৪২. যাবার দিনে এই কথাটি ১২৩
১৪৩. আমার নামটা দিয়ে ঢেকে রাখি যারে ১২৪
১৪৪. নামটা যেদিন ঘুচাবে নাথ ১২৫
১৪৫. জড়ায়ে আছে বাধা, ছাড়ায়ে যেতে চাই ১২৫
১৪৬. তোমার দয়া যদি ১২৬
১৪৭. জীবনে যত পূজা ১২৭
১৪৮. একটি নমস্কারে প্রভু ১২৮
১৪৯. জীবনে যা চিরদিন ১২৯
১৫০. তোমার সাথে নিত্য বিরোধ ১৩০
১৫১. প্রেমের হাতে ধরা দেব ১৩১
১৫২. সংসারে আর যাহারা ১৩২
১৫৩. প্রেমের দূতকে পাঠাবে নাথ কবে ১৩২
১৫৪. গান গাওয়ালে আমায় তুমি ১৩৩
১৫৫. মনে করি এইখানে শেষ ১৩৪
১৫৬. শেষের মধ্যে অশেষ আছে ১৩৪
১৫৭. দিবস যদি সাঙ্গ হলো ১৩৫



১

আমার মাথা নত করে দাও হে তোমার
চরণধুলার তলে।
সকল অহংকার হে আমার
ডুবাও চোখের জলে।
নিজেরে করিতে গৌরব দান
নিজেরে কেবলই করি অপমান,
আপনারে শুধু ঘেরিয়া ঘেরিয়া
ঘুরে মরি পলে পলে।
সকল অহংকার হে আমার
ডুবাও চোখের জলে।

আমারে না যেন করি প্রচার
আমার আপন কাজে;
তোমারি ইচ্ছা করো হে পূর্ণ
আমার জীবন-মাঝে।
যাচি হে তোমার চরম শান্তি
পরানে তোমার পরম কান্তি
আমারে আড়াল করিয়া দাঁড়াও
হৃদয়পদ্মদলে।
সকল অহংকার হে আমার
ডুবাও চোখের জলে।

১৩১৩

২

আমি বহু বাসনায় প্রাণপণে চাই
বঞ্চিত করে বাঁচালে মোরে!
এ কৃপা কঠোর সঞ্চিত মোর
জীবন ভরে'।
না চাহিতে মোরে যা করেছ দান,
আকাশ আলোক তনু মনপ্রাণ,
দিনে দিনে তুমি নিতেছ আমায়
সে মহা দানেরই যোগ্য করে,
অতি ইচ্ছার সঙ্কট হ'তে
বাঁচায়ে মোরে!
আমি কখনোবা ভুলি, কখনোবা চলি,
তোমার পথের লক্ষ্য ধরে;
তুমি নিষ্ঠুর সম্মুখ হতে
যাও যে সরে!
এ যে তব দয়া জানি জানি হায়,
নিতে চাও বলে ফিরাও আমায়
পূর্ণ করিয়া লবে এ জীবন
তবে মিলনেরই যোগ্য করে,
আধা-ইচ্ছার সঙ্কট হ'তে
বাঁচায়ে মোরে!

১৩১৩

৩

কত অজানারে জানাইলে তুমি,
কত ঘরে দিলে ঠাঁই,
দূরকে করিলে নিকট, বন্ধু,
পরকে করিলে ভাই।
পুরানো আবাস ছেড়ে যাই যবে,
মনে ভেবে মরি কী জানি কী হবে,